

তারিখ: ২২.০৯.২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

শিক্ষার্থীদের গড়তে হবে দুর্নীতিমুক্ত ও সমৃদ্ধ বাংলাদেশ : সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন।

দুর্নীতিমুক্ত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের ভূমিকার কোনো বিকল্প নেই। আমরা যদি শিক্ষার্থীদের মেধা ও যোগ্যতাকে কাজে লাগাতে পারি তবে তারা সং, যোগ্য ও আদর্শ মানুষ হিসেবে গড়ে তোলা উঠবে। সমাজ, শহর ও রাষ্ট্রকে সুন্দর ও সমৃদ্ধ করতে শিক্ষার্থীদেরকেই এগিয়ে আসতে হবে। সোমবার (২২ সেপ্টেম্বর) চট্টগ্রাম সরকারি কমার্স কলেজের একাদশ শ্রেণীর নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি সাম্প্রতিক আন্দোলনের প্রসঙ্গ টেনে বলেন, গত ১৬ বছরে সহিংসতা, নির্যাতন, জুলুম ও বিচার বহির্ভূত হত্যার কালো অধ্যায় আমরা পেরিয়ে এসেছি। ২৪ এর জুলাই-আগস্টের ছাত্র আন্দোলনে আত্মত্যাগ ও রক্তদানের মাধ্যমে আমরা একটি নতুন বাংলাদেশ পেয়েছি। এই বাংলাদেশকে যেকোনো মূল্যে রক্ষা করতে হবে। সেই সঙ্গে আসন্ন নির্বাচনে আমাদের লড়াই করা ভোটাধিকার প্রতিষ্ঠা করতে হবে। সিটি মেয়র শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা নির্ভয়ে এগিয়ে যাও। তোমাদের কোনো শক্তিই আটকে রাখতে পারবে না। বৈষম্য-বিরোধী আন্দোলন থেকে শুরু করে সাংস্কৃতিক ও ক্রীড়া কার্যক্রম, আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের পাশে দাঁড়ানোসহ বিভিন্ন ক্ষেত্রে ছাত্রসমাজ যে ভূমিকা রাখছে, তা অবশ্যই প্রশংসনীয়। বাংলাদেশকে ভালোবাসতে হবে, হৃদয়ে ধারণ করতে হবে। ধর্ম-বর্ণ নির্বিশেষে সবার জন্য সমান অধিকার নিশ্চিত করে আমাদের গড়ে তুলতে হবে একটি সুন্দর বাংলাদেশ। দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে ডা. শাহাদাত বলেন, বাংলাদেশীরা সবকিছুই পারে। আমরা মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা অর্জন করেছি, ৯০-এর গণআন্দোলনে স্বৈরশাসনের পতন ঘটিয়েছি, আর সর্বশেষ আন্দোলনে শেখ হাসিনার পতন ঘটিয়ে গণতন্ত্র পুনরুদ্ধার করেছি। এখন আমাদের শপথ নিতে হবে— দুর্নীতিমুক্ত, সমৃদ্ধ, গণতান্ত্রিক ও সাম্যের বাংলাদেশ গড়ার। কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. শাহ আলমগীরের সভাপতিত্বে এসময় আরো উপস্থিত ছিলেন সরকারি কমার্স কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মোঃ আলাউদ্দিন আল আজাদ, প্রফেসর এমদাদ হোসাইন, শিক্ষক পরিষদের সম্পাদক মোঃ আব্দুর রহিম, মহানগর ছাত্রদলের আহ্বায়ক মোঃ সাইফুল আলম, কলেজ ছাত্র প্রতিনিধি মেহেদী হাসান রায়হানসহ কলেজের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ।



চিটাগং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির (সিআইইউ) জামালখান ক্যাম্পাসে ‘পরিচ্ছন্নতা সচেতনতামূলক প্রচারাভিযান ২০২৫’-এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। এবারের প্রতিপাদ্য ছিল— “পরিচ্ছন্ন রাখি-চট্টগ্রাম নগরী”।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতায় এবং সিআইইউ ও ইয়ংওয়ান কর্পোরেশন-এর যৌথ আয়োজনে এই সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়িত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় বিশেষ সহকারী জনাব ফয়েজ আহমেদ তৈয়্যাব। তিনি বলেন, “পরিচ্ছন্নতা শুধুমাত্র সিটি কর্পোরেশন বা সরকারের দায়িত্ব নয়; এটি আমাদের সবার। তরুণ প্রজন্মকে এই উদ্যোগে এগিয়ে আসতে হবে এবং পরিচ্ছন্ন নগর গঠনে নিজেদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এই ধরনের কার্যক্রম সমাজে ইতিবাচক পরিবর্তনের সূচনা করে।” বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডা. শাহাদাত হোসেন এবং ইয়ংওয়ান কর্পোরেশন ও কোরিয়ান ইপিজেড-এর চেয়ারম্যান ও সিইও জনাব কিহাক সুং। তাঁরা নগরের সার্বিক উন্নয়নে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিআইইউ-এর মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এম এম নুরুল আবসার। স্বাগত বক্তব্য রাখেন সিআইইউ ট্রাস্টি বোর্ডের সদস্য জনাব সৈয়দ মাহমুদুল হক। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব লুৎফে এম আইয়ুব, যিনি এই ধরনের উদ্যোগকে সময়োপযোগী ও সমাজগঠনে সহায়ক বলে উল্লেখ করেন। সিআইইউ-এর সহকারী রেজিস্ট্রার রুমা দাশের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান প্রকৌশলী মোহাম্মদ নুরুল করিম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা বিভাগের প্রধান পরিচ্ছন্নতা কর্মকর্তা কমান্ডার ইখতিয়ার উদ্দিন আহমেদ চৌধুরী, (এস), বিএন এবং দৈনিক আজাদী পত্রিকার সম্পাদক এম এ মালেক প্রমুখ। অনুষ্ঠানে নগর পরিচ্ছন্নতা বিষয়ে একটি প্রাঞ্জল ধারণাপত্র উপস্থাপন করেন সিআইইউ বিজনেস স্কুলের অধ্যাপক ড. মোসলেহ উদ্দিন চৌধুরী খালেদ। তিনি বলেন, “নগরবাসীর সক্রিয় অংশগ্রহণ ছাড়া টেকসই পরিচ্ছন্নতা সম্ভব নয়। আমাদের প্রত্যেককে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল নাগরিক হিসেবে এগিয়ে আসতে হবে।” অনুষ্ঠান শেষে এক বর্ণাঢ্য র্যালি করা হয়, যা সিআইইউ ক্যাম্পাস থেকে শুরু হয়ে শাহ ওয়ালিউল্লাহ ইন্সটিটিউট ও চেরাগী মোড় হয়ে পুনরায় ক্যাম্পাসে এসে শেষ হয়। এই সচেতনতামূলক কর্মসূচির মাধ্যমে নগরবাসীর মধ্যে পরিচ্ছন্নতা

বিষয়ে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি শিক্ষার্থীদের সামাজিক দায়িত্ব পালনে উৎসাহিত করার আহ্বান জানানো হয়। আয়োজকরা জানান, এই কার্যক্রম আগামীতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানেও সম্প্রসারিত করা হবে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮